# অবক্ষয় যুগ, কবিগান , টপ্পা , আখড়াই, হাফ–আখড়াই, খেউড়

## প্রাথমিক ও সংক্ষিপ্ত পরিচয়

ড. কুশল চ্যাটার্জী, স্টেট এইডেড কলেজ টিচার, বাংলা বিভাগ, ঋষি বঙ্কিম চন্দ্র ইভিনিং কলেজ, নৈহাটী

### ▲ অবক্ষয় যুগ ▲

►আঠার শতকের মধ্যভাগ থেকে উনিশ শতকের তৃতীয় দশক।

►কবিগান, টপ্পা, আখড়াই, হাফ-আখড়াই ইত্যাদি এই যুগের ফসল।

### ▲ কবিগান ▲

►কবিগান এক ধরণের প্রতিযোগিতামূলক গীতিধারা। এর প্রধান গায়ককে বলা হয় কবিয়াল।

► এই ধরণের প্রতিযোগিতামূলক গানে ব্যবহার হ'ত ঢাক, ঢোল, সানাই, কাশি ইত্যদি বিভিন্ন বাদ্যযন্ত্র।

►গোঁজলা গুই, ভোলা ময়রা, আন্টনি ফিরিঙ্গি প্রমুখেরা ছিলেন বিখ্যাত কবিয়াল।

Dr. Kushal Chatterjee

## ▲ টপ্পা ▲

- টপ্পা এক ধরণের হিন্দুস্থানী মার্গ সঙ্গীত।
- বাংলায় টপ্পাকে জনপ্রিয় করেছিলেন কালী মীর্জা ও নিধুবাবু বা রামনিধি গুপ্ত।
- টপ্পাগানের আদিপুরুষ হলেন কালী মীর্জা ও প্রাণপুরুষ হলেন নিধুবাবু বা রামনিধি গুপ্ত।

Dr. Kushal Chatterjee

## ▲ আখড়াই ▲

- মনে করা হয়, বৈষ্ণবীয় আখড়ায় এই গানের জন্ম। তাই এমন নামকরণ।
- নদীয়া বা নদীয়ার শান্তিপুরে এই ধরণের গানের বিশেষ চর্চা ছিল।
- এই ধরণের গান কিছুটা হলেও রূপান্তরিত করেছিলেন কলুইচন্দ্র সেন।

## ▲ হাফ-আখড়াই ▲

▶আখড়াই গান ভেঙে হাফ-আখড়াই গানের জন্ম দিয়েছিলেন নিধুবাবু বা রামনিধি গুপ্তের শিষ্য মোহনচাঁদ বসু।

▶এই ধরণের গানগুলি ছিল সহজ-সরল প্রকৃতির।

## ▲ খেউড় ▲

▶অশ্লীলতা খেউড় গানের অন্যতম বৈশিষ্ট্য।

▶নবদ্বীপ ও শান্তিপুর জড়িত এই শ্রেণীর গানের সাথে।

▶মহারাজ কৃষ্ণচন্দ্রের বিশেষ পছন্দের ছিল এই ধরণের গান।

Dr. Kushal Chatterjee